# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৪০৭

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৩১. সূরাহ ইযাস-সামাউন-শাক্কাত ও সূরহা ইক্বরা- এর সিজদা্ সম্পর্কে

باب السُّجُودِ فِي { إِذَا السَّمَاءُ انْشَقَّتْ } وَ { اقْرَأْ }

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ أَيُّوبَ بْنِ مُوسَى، عَنْ عَطَاءِ بْنِ مِينَاءَ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ : سَجَدْنَا مَعَ رَسُولِ اللهِ صلي الله عليه وسلم فِي (إِذَا السَّمَاءُ انْشَقَّتْ) وَ (اقْرَأْ بِاسْمِ رَبِّكَ الَّذِي خَلَقَ).

– صحيح : م

বাংলা

১৪০৭। আবূ হুরাইরাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে ’ইযাস্-সামাউন শাককাত্ এবং ’ইক্বরা বিসমি রব্বিকাল্লাযী খালাক্বা’ সূরাহ দু’টিতে সিজদা্ করেছি। ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, আবূ হুরাইরাহ (রাঃ) ষষ্ঠ হিজরীতে খায়বার যুদ্ধের বছরে ইসলাম কবুল করেন। আর এ সিজদা্ ছিলো রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জীবনের শেষদিকের আমল।[1]

সহীহ : মুসলিম।

## English

Narrated Abu Hurairah:
We prostrated ourselves along with the Messenger of Allah (ﷺ) on account of: "When the sky is rent asunder" and "Recite in the name of Your Lord Who created"

ফুটনোট

[1] মুসলিম (অধ্যায় : মাসাজিদ, অনুঃ তিলাওয়াতে সিজদা), আহমাদ (২/২৪৯), ইবনু মাজাহ (অধ্যায় : সালাত

ক্বায়িম, অনুঃ কুরআনে সিজদার সংখ্যা, হাঃ ১০৫৮), তিরমিযী (অধ্যায় : সালাত, অনুঃ সূরাহ ‘আলাক্ব ও সূরাহ ইনশিক্বাক্ব এ সিজদা সম্পর্কে, হাঃ ৫৭৩, ইমাম তিরমিযী বলেন, আবূ হুরাইরাহর হাদীসটি হাসান ও সহীহ), নাসায়ী (অধ্যায় : ইফতিতাহ, অনুঃ সিজদাসমূহ, হাঃ ৯৬৬), দারিমী (অধ্যায়ঃ সালাত, অনুঃ সূরাহ ‘আলাক্বে সিজদা, হাঃ ১৪৭১), হুমাইদী ‘মুসনাদ’ (৯৯১) সকলে সুফয়ান হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58725

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন